বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
E-mail:dgmbcbd@krishibank.org.bd

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০১৮-২০১৯/১৬২১ তারিখ ঃ ২৫-০৪-২০১৯ইং

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

### বিষয়ঃ মে ২০১৯ আমানত সংগ্রহ ও ঋণ আদায় মাস ঘোষণা প্রসংগে।

প্রিয় মহোদয়,

২০১৮-২০১৯ অর্থবছরের ১৮-০৪-২০১৯ইং পর্যন্ত ৪২তম সপ্তাহ শেষে বার্ষিক মোট আমানত সংগ্রহ ও ঋণ আদায় লক্ষ্যমাত্রা যথাক্রমে ৩৯৪০.৩৯ ও ৯৫৯৪.৪৮ কোটি টাকার বিপরিতে অর্জনের পরিমাণ যথাক্রমে ৮০১.০৯ ও ৭১৫৫.৫৭ কোটি টাকা যা বার্ষিক লক্ষ্যমাত্রার যথাক্রমে ২০% ও ৭৫%। আনুপাতিক লক্ষ্যমাত্রার (৮১%) তুলনায় যথাক্রমে (৩১৯১.৭২-৮০১.০৯)=২৩৯০.৬৩ কোটি এবং (৭৭৭১.৫৩-৭১৫৫.৫৭)=৬১৫.৯৬ কোটি টাকা কম। আমানত ও ঋণ আদায়ের উপরোক্ত আনুপাতিক ঘাটতি পূরণসহ আগামী ০৩-০৬-২০১৯ইং তারিখের মধ্যে বার্ষিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে ০২-০৫-২০১৯ হতে ০৩-০৬-২০১৯ইং তারিখ পর্যন্ত মাসব্যাপী আমানত সংগ্রহ ও ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি পালনের সিদ্ধান্তগ্রহণ করা হয়েছে।

০২। ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরিতে ১৮-০৪-২০১৯ইং পর্যন্ত অর্জন অবশিষ্ট ০২-০৫-২০১৯ হতে ০৩-০৬-২০১৯ইং পর্যন্ত সময়ের মধ্যে আমানত সংগ্রহ ও ঋণ আদায় কর্মসূচির লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে নিধারণ করা হলোঃ

| মে ২০১৯ আমানত সংগ্রহ ও ঋণ আদায় মাসের লক্ষ্যমাত্রা | | | | | | | (কোটি টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | বিভাগ/ কার্যালয়ের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ আদায় | | |
| | | বার্ষিক লক্ষ্যমাত্রা | ১৮-০৪-২০১৯ইং তারিখ পর্যন্ত অর্জন | আমানত সংগ্রহ মাসের লক্ষ্যমাত্রা | বার্ষিক লক্ষ্যমাত্রা | ১৮-০৪-২০১৯ইং তারিখ পর্যন্ত অর্জন | ঋণ আদায় মাসের লক্ষ্যমাত্রা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫=(৩-৪) | ৬ | ৭ | ৮=(৬-৭) |
| ১ | ঢাকা | ১১০৫.৪৫ | ১১০.৪৩ | ৯৯৫.০২ | ১৯৫৮.৬৯ | ১৪২২.৫১ | ৫৩৬.১৮ |
| ২ | ময়মনসিংহ | ২৩৬.৬৩ | ৯.৯৭ | ২২৬.৬৬ | ১৩৫৯.৯৯ | ১০৭৫.৪০ | ২৮৪.৫৯ |
| ৩ | চট্টগ্রাম | ৫৩১.৩৬ | ৪১.১১ | ৪৯০.২৫ | ৯০৯.৬৪ | ৪৭৩.৪৩ | ৪৩৬.২১ |
| ৪ | খুলনা | ২৩৬.৬৮ | ৬৬.২২ | ১৭০.৪৬ | ৮২০.০৫ | ৬৬১.৫৮ | ১৫৮.৪৭ |
| ৫ | বরিশাল | ২৫০.১৭ | -৩৫.৬৯ | ২৮৫.৮৬ | ১০৭২.৪৪ | ৮৫৩.৫১ | ২১৮.৯৩ |
| ৬ | সিলেট | ২২৬.৫৭ | ১৩২.৮৩ | ৯৩.৭৪ | ৩৫০.৫৯ | ২৮২.৬৩ | ৬৭.৯৬ |
| ৭ | কুমিল্লা | ৪৩৫.৭৬ | ১০৯.৩১ | ৩২৬.৪৫ | ১১০৮.২৭ | ৬৪১.৫৭ | ৪৬৬.৭০ |
| ৮ | ফরিদপুর | ২১১.২৮ | ৯.০৮ | ২০২.২০ | ৬১৪.৮৫ | ৪৯৭.০৪ | ১১৭.৮১ |
| ৯ | কুষ্টিয়া | ১৪৭.০৪ | -২১.৩৫ | ১৬৮.৩৯ | ৭৪৭.১৭ | ৬৬৬.৯৯ | ৮০.১৮ |
| ১০ | এলপিও | ৫৫৯.৪৫ | ৩৭৯.১৮ | ১৮০.২৭ | ৬৫২.৭৯ | ৫৮০.৯১ | ৭১.৮৮ |
| | মোটঃ | ৩৯৪০.৩৯ | ৮০১.০৯ | ৩১৩৯.৩০ | ৯৫৯৪.৪৮ | ৭১৫৫.৫৭ | ২৪৩৮.৯১ |

চলমান পাতা-০২

০৩। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ আগামী ২৯-০৪-২০১৯ইং তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার লক্ষ্যমাত্রা বন্টন করে উহার একটি কপি ২৯-০৪-২০১৯ইং তারিখের মধ্যেই শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে ইমেইল যোগে (dgmbcbd@krishibank.org.bd) প্রেরণ নিশ্চিত করবেন। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ বিভাগ থেকে প্রাপ্ত আমানত স্থিতির লক্ষ্যমাত্রা আগামী ৩০-০৪-২০১৯ইং তারিখের মধ্যে অধিক্ষেত্রাধীন শাখাসমূহে বন্টন করে দিয়ে উহার কপি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

০৪। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনুসরণীয় নির্দেশনাঃ-

আমানত সংগ্রহের জন্য পরিকল্পনা ও পরিচালন/(শানিব্যউবি) পরিপত্র নং-১৩/২০১৮ তারিখ ১৯ জুলাই ২০১৮ এবং ঋণ আদায়ের জন্য ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং-০১/২০১৮ তারিখ ১৯ জুলাই ২০১৮ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণের পাশাপাশি নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পালন করে ০২-০৫-২০১৯ হতে ০৩-০৬-২০১৯ইং তারিখ পর্যন্ত প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার অনুরোধ করা হলো।

- প্রতিটি শাখায় প্রতি সপ্তাহে সর্বনিম্ন একদিন জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে আমন্ত্রণ করে তাদের উপস্থিতিতে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে। গ্রাহক সমাবেশের মাধ্যমে তাদেরকে বাংলাদেশ কৃষি ব্যাংকের আমানত প্রডাক্ট সম্পর্কে অবহিত করতে হবে, যথাসময়ে ঋণ পরিশোধের সুবিধা-অসুবিধা ও প্রয়োজনীয়তা তুলে ধরতে হবে, বৈদেশিক রেমিট্যান্স গ্রহণ, আমানত জমা এবং ঋণ পরিশোধের বিষয়ে উদ্বুদ্ধ করতেহবে।
- আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে শাখা/কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রাসহ আমানত সংগ্রহের জন্য ব্যক্তিগত লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে সর্বনিম্ন ৫০টি করে সঞ্চয়ী/চলতি/এসএনডি হিসাব খোলার মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
- বিশেষ করে নতুন প্রবর্তিত ৪ টি আমানত প্রডাক্ট, বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম, বিকেবি ডাবল প্রফিট স্কীম ও বিকেবি ত্রৈমাসিক মুনাফা স্কীম সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণা চালিয়ে অধিক হারে হিসাব খোলার মাধ্যমে আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করে মজবুত আমানত ভিত্তি গড়ে তোলার প্রতি মনোযোগ দিতে হবে।
- শাখা এলাকার বাজারে প্রতিটি ব্যবসায়িকে বাংলাদেশ কৃষি ব্যাংক এ আমানত হিসাব খোলার মাধ্যমে টাকা জমা করার জন্য উৎসাহিত করে হিসাব খোলার লক্ষ্যমাত্রা পুরণ করতে হবে।
- প্রতিটি সরকারী/স্বায়ত্বশাসিত/এনজিও/বেসরকারী প্রতিষ্ঠানে যোগাযোগ করে তাদের নিকট হতে আমানত সংগ্রহ করতে হবে এবং তাদের মূল হিসাব বাংলাদেশ কৃষি ব্যাংকে পরিচালনার জন্য অনুপ্রাণিত করতে হবে।
- আমানতের সুদ ব্যয় কমানোর লক্ষ্যে ৩০-০৬-২০১৯ইং তারিখে কাংখিত আমানত মিশ্রণ (সুদবিহীন/কমসুদবাহী আমানত ৪৫% এবং উচ্চসুদবাহী আমানত ৫৫%) অর্জন নিশ্চিত করার পরিকল্পনা নিয়ে আমানত সংগ্রহ করতে হবে।
- সুদবিহীন/স্বল্প সুদবাহী বড় বড় আমানত সংগ্রহের পাশাপাশি অধিক হারে ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহের মাধ্যমে আমানতের একটি স্থিতিশীল মজবুত ভিত্তি গড়ে তোলার প্রতি মনোযোগ দিতে হবে।
- ঋণ বিতরণের তহবিলের জন্য প্রধান কার্যালয় মুখাপেক্ষী না হয়ে স্বাবলম্বী হওয়ার লক্ষ্যে আমানত সংগ্রহের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ত ও উদ্বুদ্ধ করতে হবে।
- শাখা এলাকায় প্রবাসী এবং বেনিফিশিয়ারীদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সংগ্রহ করে রেজিষ্টারে সংরক্ষন করে নিয়মিত যোগাযোগের মাধ্যমে তাদেরকে কৃষি ব্যাংক হতে রেমিটেন্স গ্রহণ ও আমানত হিসাব খোলার বিষয়ে উৎসাহিত করতে হবে।
- শহর/নগর শাখায় কর্মরত অতিরিক্ত জনবল (কর্মকর্তা/কর্মচারীদের) নির্ধারিত লক্ষ্যমাত্রা দিয়ে আমানত সংগ্রহের কাজে সার্বক্ষনিক নিয়োজিত করতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জন নিয়মিতভাবে তদারক করতে হবে।
- বৈদেশিক রেমিটেন্সের টাকা পেতে কোন গ্রাহক যাতে হয়রানির শিকার না হন সে দিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে।
- আমানত প্রডাক্টের বর্ণনা সম্বলিত লিফলেট বিতরণ ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা চালিয়ে আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় রঙিন কাগজে লিফলেট প্রিন্ট করে প্রতিটি শাখায় সরবরাহ করবে)।

চলমান পাতা-০৩

- প্রতিটি ঋণ গ্রহীতাকে ঋণ পরিশোধের জন্য প্রযোজ্য নোটিশ প্রদান নিশ্চিত করে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে ঋণ আদায় লক্ষ্যমাত্রা নিশ্চিত করতে হবে। কোন মেয়াদোত্তীর্ণ ঋণ গ্রহীতা যেন যোগাযোগের (নোটিশ/ব্যক্তিগত যোগাযোগ/ টেলিফোনিক যোগাযোগ) বাহিরে না থাকে তা নিশ্চিত করতে হবে।
- প্রতিটি শাখায় দর্শনীয় স্থানে আমানত সংগ্রহ ও ঋণ আদায় মাস লেখা সম্বলিত ৬ ফুট × ২½ ফুট মাপের ব্যানার টানাতে হবে (সংযুক্ত নমুনা মোতাবেক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ব্যানার প্রিন্ট করে প্রতিটি শাখায় সরবরাহ করবে)।
- কর্মসূচিকে সফলভাবে বাস্তবায়নের জন্য নিয়ন্ত্রণকারী কার্যালয়সহ সকল শাখাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিনেও কাজ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। ০২-০৫-২০১৯ হতে ০৩-০৬-২০১৯ইং তারিখ পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরিতে আমানত সংগ্রহ ও ঋণ আদায়ের অঞ্চলওয়ারী সংকলিত বিবরণী সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় নিম্নোক্ত ছকে ১১-০৬-২০১৯ই তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে (dgmbcbd@krishibank.org.bd) ই-মেইল যোগে প্রেরণ করবে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | অঞ্চল/কর্পোরেট শাখার নাম | আমানত সংগ্রহ | | | ঋণ আদায় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ | ৮ | ৯ |
| ১ | | | | | | | |

০৬। উল্লেখ্য, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ উপরোক্ত কর্মসূচি উপলক্ষ্যে মাঠ কার্যালয়সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম ও ফলাফল পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করবেন।

০৭। উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক মে ২০১৯ আমানত সংগ্রহ ও ঋণ আদায় মাস সফল বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৫/০৪/১৯

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

সংযুক্তিঃ বর্ননামতে।

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০১৮-২০১৯/১৬২১ তারিখ ঃ ২৫-০৪-২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রমোটার, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। সকল প্রমোটার, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁদেরকে বর্নিত কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, তদারকি ও নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

25/04/2019

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

C:\Users\BKB\Dropbox\ZAMIL\Operation\Deposit Collection Month.doc